দৈনিক ইনকিলাব

20

তারিখ FEB. 14 2000
পৃষ্ঠা 77 কলাম 5

# মাত্র ১৩ দিনে এসএসসি পরীক্ষা : প্রশ্নপত্র পরিবর্তন, সর্বত্র উৎকণ্ঠা

আগামী মার্চ মাসের ২ তারিখ থেকে সমগ্র বাংলাদেশের ৫টি শিক্ষা বোর্ডের অধীনে এক সাথে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। এ বছর এই পরীক্ষায় অংশ নিচ্ছে মোট ৯ লাখ ৩৬ হাজার ছাত্রছাত্রী। গত বছরের চেয়ে এই সংখ্যা প্রায় ৯৭ হাজার বেশী। গত বছর অংশ নিয়েছিল ৮ লাখ ৩৭ হাজার ছাত্রছাত্রী। এ বছর মোট পরীক্ষার্থীর মধ্যে ঢাকা বোর্ডের অধীনে ২ লাখ ৬৩ হাজার, রাজশাহী বোর্ডের অধীনে ২ লাখ ৭৩ হাজার, যশোর বোর্ডের অধীনে ১ লাখ ৬৬ হাজার, কুমিল্লা বোর্ডের অধীনে ১ লাখ ৫৩ হাজার, চট্টগ্রাম বোর্ডের অধীনে ৭৬ হাজার পরীক্ষার্থী রয়েছে।

কোনরূপ ব্যত্যয় না ঘটলে এবারের এসএসসি পরীক্ষা শেষ হবে ১৫ মার্চ। মাত্র ১৩ দিনের মধ্যে পরীক্ষা শেষ হওয়া নিয়ে ছাত্রছাত্রীরা চরম উৎকণ্ঠার মধ্যে পড়াশোনা করছে। তার উপর ইতোমধ্যে বোর্ড কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদের জানিয়েছে এবার প্রশ্নপত্র বিন্যাসে প্রচলিত ধারায় পরিবর্তন আনা হবে। তবে কি ধরনের পরিবর্তন আনা হবে তা বলা হচ্ছে না। একে তো স্বল্প সময়ে পরীক্ষা, অন্যদিকে প্রশ্নপত্র বিন্যাসে পরিবর্তন এসব নিয়ে ছাত্রছাত্রীদের এমন কি শিক্ষক ও অভিভাবকদেরও উৎকণ্ঠার শেষ নেই। ১৩ দিনের মধ্যে পরীক্ষা শেষ করার কারণে অংক, ইংরেজী, গণিত বিষয়ের মত জটিল বিষয়গুলো পরীক্ষার মাঝখানেও ছুটি রাখা হয়নি। পরীক্ষার মাঝখানে হরতাল-অবরোধ জাতীয় রাজনৈতিক কর্মসূচী থাকবে কি-না সে বিষয়েও পরীক্ষার্থীদের মাঝে দুশ্চিন্তা বিরাজ করছে।

কানন হাসান